দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের সংবর্ধনা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যানদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের আয়োজনে উপজেলার বঙ্গবন্ধু চত্ত্বরে এই সংর্বধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা পরিষদের টানা দুই বারের নির্বাচিত চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য এমপি হাজী আলী আজগর টগর।

এ সময় চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ সদস্য এমপি হাজি আলি আজগার টগর বলেন, নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। জনগণ ভোট দিয়ে জনপ্রতিনিধি নির্বাচিত করেছে।

দামুড়হুদা উপজেলার সকল শ্রেণীর মানুষ যাতে সেবা পাই তার জন্য আপনাদের কাজ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাকে নৌকার প্রার্থী করেছেন, আমি চুয়াডাঙ্গা ২ আসনের পরপর চারবার এমপি হয়েছি। কারণ একটাই আমি জনগনের সাথে সুখে দুঃখে সব সময় ছিলাম এবং আছি। তাই আমাকে ভালোবাসে সর্বস্তরের জনগণ, আমাকে,নৌকা প্রর্তীকে ভোট দিয়ে চুয়াডাঙ্গা ২ আসনের এমপি বানাইছে।

নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু বলেন, আপনারা আপনাদের মূল্যবান ভোট দিয়ে আমাকে নির্বাচিত করেছেন আমি আপনাদের প্রতি চির-কৃতজ্ঞ আপনাদের সুখে দুঃখে সব সময় আমাকে কাছে পাবেন আমি চেয়ারম্যান নয় আমি আপনাদের ভাই চেয়ারম্যান আপনারা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এ সময় আরো উপস্থিত ছিলেন নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান শফিউল কবীর ইউসুফ ও মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া খাতুন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক সাবেক চেয়ারম্যান

খলিলুর রহমান ভুট্টা, উপজেলা কৃষি অফিসার শারমিন সুলতানা, দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আব্দুল করিম বিশ্বাস, হাউলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নিজাম উদ্দিন, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, নাতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলি, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান এম হাবিবুল্লাহ বাহার, কেরু এন্ড কোম্পানির সাবেক ব্যবস্থাপনা প্রশাসন শাহাবুদ্দিন।

সংবর্ধনা অনুষ্ঠানে এমপি, উপজেলা প্রশাসন ও নবনির্বাচিত চেয়ারম্যান বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগর টগরকে ফুলেল শুভেচ্ছা জানান দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান দামুড়হুদা উপজেলার বিভিন্ন শ্রেণীপেশার মানুষ।
এসময় দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ, শিক্ষক, মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হোসেন।

নিয়োগ দিবে ডায়মন্ড সিমেন্ট

সম্প্রতি ডায়মন্ড সিমেন্ট লিমিটেড জনবল নিয়োগে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রতিষ্ঠানটি তাদের ‘প্রজেক্ট ইনচার্জ’ পদে জনবল নিয়োগ দেবে।

প্রতিষ্ঠানের নাম : ডায়মন্ড সিমেন্ট লিমিটেড

পদের নাম : প্রজেক্ট ইনচার্জ

আবেদনের বয়সসীমা : নির্ধারিত নয়

পদসংখ্যা : ০১টি

কর্মস্থল : চট্টগ্রাম

বেতন : আলোচনা সাপেক্ষে

অভিজ্ঞতা : ২ থেকে ৫ বছর

বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ : ০৩ জুন, ২০২৪

কর্মঘণ্টা : ফুল টাইম

প্রার্থীর ধরন : শুধু পুরুষ

আবেদনের শেষ তারিখ : ৩০ জুন, ২০২৪

শিক্ষাগত যোগ্যতা : ডিপ্লোমা ইন এগ্রিকালচার/বিএসসি ডিগ্রি

অন্যান্য সুবিধা : কোম্পানির নিয়ম অনুযায়ী

যেভাবে আবেদন করবেন: আগ্রহীরা আবেদন করতে ও বিস্তারিত বিজ্ঞপ্তিটি দেখতে এখানে ক্লিক করুন।

ঠিকানা : করপোরেট অফিস : ২২০, স্ট্র্যান্ড রোড, চট্টগ্রাম-৪০০০

মুজিবনগরে নবনির্বাচিত চেয়ারম্যানদের সংবর্ধনা ও দায়িত্ব গ্রহণ অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর সংর্বধনা অনুষ্ঠান, দায়িত্ব হস্তান্তর ও দায়িত্ব গ্রহণ এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেলে মুজিবনগর উপজেলা পরিষদের আয়োজনে, উপজেলা পরিষদ মিলনায়তনে এই সংবর্ধনা দায়িত্ব হস্তান্তরের দায়িত্ব গ্রহণ এবং সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের (সাবেক) সাধারণ সম্পাদক এবং মহাজনপুর ইউনিয়নের ৩ বারের নির্বাচিত (সাবেক) চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) আমিনুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন, নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান ও উপজেলা কৃষকলীগের সভাপতি বিএম জাহিদ হাসান রাজিব, মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুনসহ উপজেলা আওয়ামী লীগ, যুবমহিলালীগ, কৃষকলীগ সহ আওয়ামী লীগ এবং এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।

অনুষ্ঠানে উপজেলা পরিষদের পক্ষ হতে নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের ফুলেল শুভেচ্ছা দিয়ে সংবর্ধনা জানান উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

পরে নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের হাতে পরিষদের দায়িত্ব হস্তান্তর করা হয় এবং নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান আগামী পাঁচ বছরের জন্য উপজেলা পরিষদের দায়িত্বভার গ্রহণ করেন।

অনুষ্ঠানের শেষে উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলুর সভাপতিত্বে মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

স্মার্টফোনে ফ্রড অ্যাপস চেনাতে গুগলের নতুন প্রযুক্তি

গ্রাহক সুরক্ষার প্রতি বিশেষ নজর দিচ্ছে গুগল। এবার অ্যাপ স্ক্যান করেই গুগল বলে দেবে সেটা ফ্রড কি-না। এই ফিচারটি আপডেট হলে অ্যান্ড্রয়েড ফোনে ইনস্টল করা অ্যাপগুলিকে ম্যালওয়ারের জন্য স্ক্যান করা যাবে।

বার্ষিক ডেভেলপার কনফারেন্সে এমনটাই ঘোষণা করেছে গুগল। প্রতিষ্ঠানটি জানিয়েছে, গুগল প্লে প্রোটেক্ট প্রতিদিন ২০০ বিলিয়ন অ্যান্ড্রয়েড অ্যাপ স্ক্যান করবে, যা তিন বিলিয়নেরও বেশি ব্যবহারকারীকে ম্যালওয়্যার থেকে সুরক্ষিত রাখতে সাহায্য করবে।

এই ফিচারটি এতটাই কার্যকরী হবে যে কখনো কোনো অ্যাপ যদি প্রতারণা এবং অপব্যবহারের অভিপ্রায়গুলি লুকিয়েও রাখে, তাহলেও গুগল তার অন-ডিভাইস এআই ক্ষমতার মাধ্যমে লাইভ হুমকি শনাক্ত করে ফেলবে। গুগল ব্যাখ্যা করেছে যে গুগল প্লে প্রোটেক্ট-এর অন-ডিভাইস এআই ফিচার ব্যবহার করে এবং অন্যান্য অ্যাপ এবং পরিষেবার সঙ্গে ইন্টারঅ্যাকশন সম্পর্কিত অতিরিক্ত আচরণগত সংকেত খুঁজে পাবে। সিস্টেম সন্দেহজনক কিছু খুঁজে পেলে, বৈশিষ্ট্যটি অতিরিক্ত পর্যালোচনার জন্য অ্যাপটিকে গুগলে পাঠাবে এবং ব্যবহারকারীদের সতর্ক করবে বা অ্যাপটির খারাপ কীর্তিকলাপ সম্পর্কে নিশ্চিত হলে অ্যাপটিকে ডিসেবল করে দেবে। কোম্পানি বলেছে, এটা আমাদের ডেটা সংগ্রহ না করেই ব্যবহারকারীদের রক্ষা করতে দেয়। গুগলের দাবি, প্লে ইন্টিগ্রিটি এপিআইও এই টুলগুলোর একটি। যেটা ব্যবহার করে ডেভেলপাররা বুঝতে পারবেন যে অ্যাপগুলি মডিফাই করা হয়েছে কি-না, বা এটি একটি আসল অ্যান্ড্রয়েড ডিভাইসে চলছে কি-না, যাতে তারা প্রতারণামূলক বা ঝুঁকিপূর্ণ বিষয়বস্তু আগেভাগেই শনাক্ত করতে পারে এবং আক্রমণ, অপব্যবহার প্রতিরোধে পদক্ষেপ নিতে পারে।

জানা গেছে, গুগল পিক্সেল, অনর, লেনোভো, নাথিং, ওয়ানপ্লাস, অপো এবং অন্যান্য নির্মাতারাও এই বছরের শেষের দিকে তাদের স্মার্টফোনে এই ফিচার সেটআপ করবে।

খুলনা বিভাগীয় কারাতে প্রতিযোগীতায় ঝিনাইদহ জেলার অনন্য সফলতা অর্জণ

প্রথম খুলনা বিভাগীয় কারাতে প্রতিযোগীতা-২০২৪এ ঝিনাইদহ জেলার প্রতিযোগীরা ৪টি গোল্ড মেডেল ও ২টি ব্রোঞ্জ পদক নিয়ে বিভাগীয় পর্যায়ে অনন্য সফলতা অর্জণ করেছে।

গত ৩১মে এবং ১জুন দুই দিন ব্যাপী বাংলাদেশ কারাতে ফেডারেশন ও খুলনা জেলা ক্রীড়া সংস্থার যৌথ আয়োজনে খুলনাতে এই প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। ওজন ভিত্তিক এই প্রতিযোগীতায় ঝিনাইদহের সোতোকান কারাতে দো’র তাহমিদ আহমেদ আবরার ও পূজা সাহা কাতা ও কুমিতে গোল্ড মেডেল অর্জণ করেণ এবং মিফতাহুল জান্নাত কাতা ও কুমিতে ব্রোঞ্জ পদক অর্জণ করে ঝিনাইদহের মূখ উজ্জল করেণ।

বিভাগীয় এই প্রতিযোগীতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডেপুটি পুলিশ কমিশনার এসকে মনিরুজ্জামান মিঠু, এছাড়া বিশেষ অতিথি হিসেবে জাতীয় ক্রীড়া সংস্থার খুলনা ও বরিশাল বিভাগীয় ডেপুটি ডাইরেক্টটর আবুল হোসেন হাওলাদার, বাংলাদেশ কারাতে ফেডারেশনের ভাইস প্রেসিডেন্ট মোয়াজ্জেম হোসেন সেন্টু, বাংলাদেশ কারাতে ফেডারেশনের যুগ্ম সচিব নয়ন চৌধুরী, খুলনা জেলা ক্রীড়া অফিসার বখতিয়ার রহমান গাজীসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এস এম মোয়াজ্জেম রশিদি দোজা। খুলনা বিভাগের ১০টি জেলা এই প্রতিযোগীতায় অংশ গ্রহন করে।

‘কাউগার্ল’ লুকে মালালা ইউসুফজাই

ব্রিটিশ মিউজিক্যাল কমেডি ওয়েব সিরিজ উই আর লেডি পার্টসের দ্বিতীয় সিজনে ‘কাউগার্ল’ লুকে দেখা গেলো শান্তিতে নোবেলবিজয়ী মালালা ইউসুফজাইকে।

হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, মালালা ইউসুফজাই ব্রিটিশ শো উই আর লেডি পার্টসের দ্বিতীয় সিজনে টিভির পর্দায় আত্মপ্রকাশ করেছেন।

২৬ বছর বয়সী মালালাকে ব্রিটিশ সিটকম উই আর লেডি পার্টসের ‘মালালা মেড মি ডু ইট’ শিরোনামের একটি পর্বে দেখা যায়। ফ্যান্টাসি সিকোয়েন্সে তিনি কাউবয় টুপি ও পোশাক পরে ঘোড়ায় বসে ছিলেন।

ধারণা করা হচ্ছে, ওয়েব সিরিজে মালালার জীবন সংগ্রাম এবং শিক্ষা ও নারী অধিকারের বিষয়গুলোই তার চরিত্রের মধ্য দিয়ে তুলে ধরা হবে।

সিরিজটির নির্মাতা ও চিত্রনাট্যে আছেন নিদা মুঞ্জুর। সিরিজে মালালার অংশ নিয়ে তিনি বলেন, ‘আমি তাই করেছি যা মালালা করতে চেয়েছে। সে দেখেছে কোথায় তার কাজের পদ্ধতিগুলো ভুল ছিল এবং সে জায়গাগুলোয় আমরা কাজ করেছি। এভাবেই কাজটি আমাকে আরো অনুপ্রাণিত করেছে।’

তিনি মজা করে বলেন, ‘আমি আমার লুকানো প্রতিভা দেখাচ্ছি, যা বন্ধুত্ব এবং সাংস্কৃতিক চ্যালেঞ্জের মধ্য দিয়ে মুসলিম নারীর যাত্রা তুলে ধরে।’

উই আর লেডি পার্টসের প্রথম সিজন ২০২১ সালের মে মাসে মুক্তি পায়। উই আর লেডি পার্টস সমালোচকদের প্রশংসা পেয়েছে। পাঁচটি বাফটা এবং গথাম অ্যাওয়ার্ডে দুটি মনোনয়ন পেয়েছে। সিরিজটির দ্বিতীয় সিজন গত ৩০ মে প্রিমিয়ার হয়েছে।

ভোক্তা পর্যায়ে দাম কমলো এলপিজি গ্যাসের

সারাদেশে ভোক্তা পর্যায়ে কমানো হলো তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম কমানোর নতুন ঘোষণা দিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। গত মাসের থেকে চলতি মাসে ১২ কেজির সিলিন্ডারের দাম ৩০ টাকা কমিয়ে ১ হাজার ৩৬৩ টাকা নির্ধারণ করা হয়েছে।

আজ সোমবার (৩ জুন) সন্ধ্যা ৬টা থেকেই এ নতুন দাম কার্যকর হবে।

এর আগে বিইআরসি চেয়ারম্যান নূরুল আমিন গণমাধ্যমকে জানান, জুন মাসের জন্য ১২ কেজির এলপিজির দাম ১ হাজার ৩৯৩ টাকা থেকে ৩০ টাকা কমিয়ে ১ হাজার ৩৬৩ টাকা নির্ধারণ করা হয়েছে।

এর আগে গত ২ মে ভোক্তা পর্যায়ে মে মাসের জন্য ১২ কেজির সিলিন্ডারের দাম এপ্রিল মাসের তুলনায় ৪৯ টাকা কমিয়ে ১ হাজার ৩৯৩ টাকা নির্ধারণ করা হয়। এছাড়া, টানা ৮ মাস বাড়ার পর গত ৩ এপ্রিল ভোক্তা পর্যায়ে কমানো হয়েছিল এলপিজির দাম। মার্চ মাসের তুলনায় এপ্রিল মাসে ১২ কেজি সিলিন্ডারের দাম ৪০ টাকা কমিয়ে ১ হাজার ৪৪২ টাকা নির্ধারণ করা হয়। আর গত মার্চ মাসে ১২ কেজি সিলিন্ডারের দাম ৮ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৮২ টাকা, ফেব্রুয়ারিতে ৪১ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৭৪ টাকা ও জানুয়ারিতে ২৯ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৩৩ টাকা নির্ধারণ করা হয়েছিল।

একইসঙ্গে সোমবার অটোগ্যাসের দামও কমিয়েছে বিইআরসি। জুন মাসে ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ দাম প্রতি লিটার ৬২ টাকা ৫৩ পয়সা নির্ধারণ করা হয়েছে।

আর গত মে ও এপ্রিলে অটোগ্যাসের দামও কমিয়েছিল বিইআরসি। মে ও এপ্রিলে ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ দাম প্রতি লিটার ৬৩.৯২ টাকা ও ৬৬.২১ টাকা নির্ধারণ করেছিল সংস্থাটি। আর মার্চ মাসে ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ দাম প্রতি লিটার ৬৮.০৫ টাকা নির্ধারণ করা হয়। গত ফেব্রুয়ারি ও জানুয়ারি মাসে যা মূসকসহ নির্ধারণ করা হয়েছিল যথাক্রমে ৬৭.৬৮ টাকা ও ৬৫.৬৭ টাকা।

গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বিইআরসি জানিয়েছে, জুন মাসের

জন্য সৌদি আরামকোর প্রোপেন এবং বিউটেনের ঘোষিত সৌদি সিপি প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৮০ মার্কিন ডলার ও ৫৬৫ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ অনুযায়ী প্রোপেন ও বিউটেনের গড় সৌদি সিপি প্রতি মেট্রিক টন ৫৭০ দশমিক ২৫ মার্কিন ডলার বিবেচনায় জুন মাসের জন্য বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের দাম ভোক্তা পর্যায়ে সমন্বয় করা হলো।

সূত্র: ইত্তেফাক

কুষ্টিয়ায় নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক কর্মশালা

কুষ্টিয়ায় বিভাগীয় পর্যায়ে নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (৩ জুন) সকালে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এ কর্মশালার আয়োজন করে।

এ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য দেন বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব-উল আলম হানিফ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, নিরাপদ খাদ্য নিশ্চিত করতে জনসচেতনতা বাড়াতে হবে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের প্রতিটি লক্ষ্যের সঙ্গেও নিরাপদ খাদ্য গভীরভাবে জড়িত। কিন্তু এসডিজি অর্জনের অন্তরায় অনিরাপদ খাদ্য। তাই নিরাপদ খাদ্য নিশ্চিত পারলেই উন্নয়ন টেকসই হবে।

তিনি বলেন, আইন কিংবা চাপ দিয়ে খাদ্যে ভেজাল নির্মূল করা কঠিন। এ জন্য প্রয়োজন নিরাপদ খাদ্য পেতে জনসচেতনতামূলক বার্তা ছড়িয়ে দিতে হবে সবার মাঝে, যাতে নিরাপদ খাদ্যের মৌলিক অধিকারের দাবি সামাজিক আন্দোলনে রূপ নেয়।

কুষ্টিয়া চাউল ব্যবসায়ীদের উদ্দেশ্যে কঠোর সমালোচনা করে তিনি

বলেন, চাউল যেভাবে পালিশ করা হয় তাতে চালের গুনাগুন ক্ষমতা নষ্ট হয়ে যাচ্ছে। চাল পালিশের পরে শুধুমাত্র আমরা কার্বোহাইড পাচ্ছি। এসব থেকে চাল ব্যবসায়ীদের বেরিয়ে আসতে হবে। ভোক্তার দিকেও খেয়াল রাখতে হবে। এমপি বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিনি নিরাপদ খাদ্যের বিষয়টি অনুধাবন করে স্কুল লেভেলের পাঠ্যপুস্তকেও নিরাপদ খাদ্যের বিষয়টিঅন্তর্ভুক্ত করেছেন।

স্বাস্থ্যই সকল সুখের মুল উল্লেখ করে হানিফ আরও বলেন, স্বাস্থ্যই জীবনের সকল সুখের মূল।
স্বাস্থ্যবান জাতি গঠনে নিরাপদ খাদ্যের কোনও বিকল্প নেই। কারণ একটি জাতি শুধু অর্থনীতির মানদণ্ডে উন্নত জাতিতে পরিণত হয় না। সেখানে নিরাপদ খাবার এবং সুস্বাস্থ্য একটি গুরুত্বপূর্ণ নিয়ামক। টেকসই উন্নয়নের জন্য তাই সবার জন্য নিরাপদ খাবারের সংস্থান করতে হবে।
তাই নিজেকে সুস্থ থাকতে হলে ভালো খাবারের পাশাপাশি শরীর চর্চাতেও বিশেষ দৃষ্টি দেওয়ার উপর গুরুত্বারোপ করেন।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) জাকারিয়ার সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সংসদ সদস্য আলহাজ্ব রেজাউল হক চৌধুরী, কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের সংসদ সদস্য আলহাজ্ব কামারুল আরেফীন, কুষ্টিয়া-৪ (খোকসা-কুমারখালী) আসনের সংসদ সদস্য আব্দুর রউফ, জেলা প্রশাসক মোধ এহেতেশাম রেজা, অতিরিক্ত পুলিশ সুপার তারেক জোবায়ের, জেলা আওয়ামীলীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব সদর উদ্দিন খান প্রমুখ।

অনুষ্ঠানে মুল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রকল্প পরিচালক আবু নুর মো: শাসুজ্জামান।

জেলা নিরাপদ খাদ্য অফিসার সজীব পাল পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে নিরাপদ খাদ্য সংক্রান্ত তথ্যাবলি উপস্থাপন করেন। তিনি উপস্থিত সকলের মাধ্যমে কুষ্টিয়াবাসীর মাঝে নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির আহবান জানান।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) জাকারিয়া বলেন, নিরাপদ খাদ্য নিশ্চিতে দরকার আন্তঃসংস্থা সমন্বয়। খাদ্যব্যবসা পরিচালনার ক্ষেত্রে সরকারের

অনেকগুলো সংস্থা কোনো না কোনোভাবে জড়িত। সবগুলো সংস্থাকে এক টেবিলে বসিয়ে কোনো বিষয়ে রাজি করানো খুব জটিল ও সময়সাপেক্ষ কাজ। তাই ধীরে ধীরে সবার সহযোগিতার মাধ্যমে দেশে নিরাপদ খাদ্যের পরিবেশ নিশ্চিত করতে হবে।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প আয়োজিত এ কর্মশালায় জনপ্রতিনিধি, হোটেল-রেস্তোরা ব্যবসায়ী, খাদ্য ব্যবসায়ী সমিতির প্রতিনিধি, গণমাধ্যম কর্মী ও সরকারি কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

এরআগে ‘পত্রিকা খুললেই লুটপাটের খবর, সরকার হাজার হাজার আজিজ-বেনজীর তৈরী করেছে’ বিএনপির এমন অভিযোগ সম্পর্কে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, সরকার কোন দূর্ণীতিবাজকে পৃষ্টপোষকতা করছে না। আমাদের সরকার দুর্ণীতির বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষনা করে দুর্নীতিবাজদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করছে।

দুর্নীতির জন্য সরকারকে ঢালাও ভাবে অভিযোগ করার কোন সুযোগ নেই। রাষ্ট্রের উচ্চ বা নিম্ন পর্যায়ের সরকারী কর্মকর্তা বা কোন ব্যাক্তি যদি অনিয়ম দুর্নীতি করেন তবে গোয়েন্দা সংস্থাগুলোর প্রথম কাজ হচ্ছে তাদের সমন্ধে সঠিক তথ্য সরকারকে দেওয়া। এক্ষেত্রে গোয়েন্দাদের ব্যর্থতা হিসেবে চিন্নিত হবে।

আর বিএনপির উদ্দ্যেশে হানিফ বলেন, বিএনপির দুই শীর্ষ নেতা বেগম খালেদা জিয়া ও তারেক রহমান দূর্ণীতি, অর্থপাচার, অর্থ কেলেকারীর দায়ে অভিযুক্ত হয়ে আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হয়েছে, সেই দলের নেতাদের মুখে দূর্ণীতির বিরুদ্ধে কথা বলা মানায় না।

দ্রব্যমল্যে বৃদ্ধি প্রসঙ্গে হানিফ বলেন, সারাবিশ্বেই দব্যমূল্যের দাম বেড়েছে। বাংলাদেশেও তার প্রভাব পড়েছে। দব্যমূল্য বাড়লে সবারই কস্ট হয়। তাই সরকার যতটুকু সম্ভব এটা নিয়ন্ত্রনের চেস্টা করে যাচ্ছে বলেও জানান তিনি।

সরকারি অফিস সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত

সারাদেশে আবারো স্বাভাবিক নিয়মে ফিরে যাচ্ছে দেশের সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিস সময়সূচি। পবিত্র ঈদুল আজহার ছুটির পরে দেশের এসব অফিস চলবে সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

আজ সোমবার (৩ জুন) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এ সময়সূচি নির্ধারণ করা হয়।

পরে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন সচিবালয়ে ব্রিফিংয়ের মাধমে সাংবাদিকদের এ তথ্য জানান।

সূত্র: ইত্তেফাক

ব্যালন ডি’অর ডাকছে ব্রাজিলিয়ান ভিনিসিয়ুসকে

বয়সটা মাত্র ২৪ ছুঁইছুঁই। ইতিমধ্যে দুটি চ্যাম্পিয়নস লিগ শিরোপা হাতে তুলেছেন। দুটি ম্যাচেরই ফাইনালে পেয়েছেন গোলের দেখা। গত পরশু রাতে ইংল্যান্ডের মাটিতে দ্বিতীয় শিরোপার ছোঁয়া পেয়েছেন এই ব্রাজিলিয়ান। এরপরে ব্যালন ডি’অরের সংক্ষিপ্ত তালিকায় ভিনিসিয়ুস জুনিয়রের নাম না আসার কোনো কারণ নেই। কোপা আমেরিকায় ব্রাজিলের জার্সিতে ফর্ম ধরে রাখতে পারলে তার হাতেই উঠতে পারে ব্যালন ডি’অরের কাঙ্ক্ষিত শিরোপা।

২০২৩-২৪ মৌসুমে ৬টি গোল করেছেন ভিনি। অ্যাসিস্ট করেছেন ৫টিতে। টুর্নামেন্টটিতে তার থেকে বেশি গোল রয়েছে বায়ার্ন মিউনিখের হ্যারি কেইন ও পিএসজির কিলিয়ান এমবাপ্পের। ফরাসি ও ইংলিশ তারকার গোল ৮টি। এই মৌসুমে সবমিলিয়ে ২৪টি গোল ও ১১টি অ্যাসিস্ট

করেছেন ভিনিসিয়ুস। সবচেয়ে বড় কথা লা লিগার পাশাপাশি চ্যাম্পিয়নস লিগের শিরোপা উঠেছে তার হাতে। তাতে কোপাতে ভালো কিছু করতে পারলে সবাইকে পিছে ফেলে উঠে আসতে পারেন ব্যালন ডি’অরের একক দাবিদার হিসেবে।

১৫তম শিরোপা জেতার পরে রিয়াল মাদ্রিদের কোচ কার্লো আনচেলত্তি বলেছেন, ‘ভিনি ব্যালন ডি’অরের দাবিদার। আমি মনে করি, এটা নিয়ে কোনো সন্দেহ নেই।’ ক্লাব সভাপতি ফ্লোরেন্তিনো পেরেজও বলেছেন একই কথা। তার মতে, ভিনিসিয়ুসেরই এই পুরস্কার জেতা উচিত। এ দিকে ব্রাজিল কিংবদন্তি রোনালদো নাজারিও সামাজিকমাধ্যমে তেমন কিছুর ইঙ্গিত দিয়েছেন। ভিনির ছবি ও নাম যুক্ত করে সাবেক বিশ্বচ্যাম্পিয়ন লিখেছেন, ‘সোনালী বলের অপেক্ষা!’ এবার সেই অপেক্ষা কতটুকু বাস্তবে পরিণত হয়, সেই অপেক্ষাতে রয়েছেন ভক্তরা।

সূত্র: ইত্তেফাক